

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
নড়িয়া, শরীয়তপুর।  
www.dss.naria.shariatpur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৮৬৬৫.০০০.২৭.১৩০.২৫.৩২০

তারিখ: ২২/১২/২০২৫ খ্রি:

**বিষয়: কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অফিসের মোটর সাইকেল ব্যবহারের ব্যাখ্যা তলব।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব ইকবাল হোসেন রানা, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর। আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অফিসের স্টোর রুম থেকে পুরাতন CD-80 সিসি হোল্ড মোটর সাইকেলটি বের করে নিয়ে ব্যবহার করছেন। এ বিষয়ে কর্তৃপক্ষের কোন অনুমতি গ্রহণ করেননি বা অবহিত করার প্রয়োজনও মনে করেননি। এমনকি এ কার্যালয়ের কোন কর্মচারীকেও বিষয়টি আপনি জানানোর প্রয়োজন মনে করেননি। প্রজাতন্ত্রের একজন কর্মচারী হিসাবে আপনার কাছ থেকে এ ধরনের আচরণ সম্পূর্ণরূপে অপ্রত্যাশিত, অনভিপ্রেত এবং শৃঙ্খলা লঙ্ঘনের সামিল।

এমতাবস্থায়, অফিসের স্টোর রুম থেকে পুরাতন হোল্ড মোটর সাইকেলটি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কেন বের করে নিয়েছেন তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।



২২/১২/২০২৫

আরিফুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার

নড়িয়া, শরীয়তপুর।

ফোন: +৮৮০২৪৭৮৮১৬১২৬

ই-মেইল: usso.naria@dss.gov.bd

জনাব ইকবাল হোসেন রানা  
ইউনিয়ন সমাজকর্মী  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
নড়িয়া, শরীয়তপুর।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান শাখা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ২। পরিচালক (যুগ্ম সচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
- ৫। জনাব.....
- ৬। অফিস নথি।